

# যুগান্তর

মতবিনিময় সভায় বক্তৃরা

## পাবলিক পরীক্ষায় ফল খারাপের কারণ দক্ষ শিক্ষকের অভাব

প্রকাশ : ১৩ মে ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট

দেশে ইংরেজি, গণিত ও বিজ্ঞানে দক্ষ শিক্ষকের অভাব রয়েছে। এ কারণে একেকটি পাবলিক পরীক্ষার ফল প্রকাশের পরই দৈন্যদশা ফুটে উঠে। এ ছাড়া পাস করা শিক্ষার্থীর মান নিয়েও প্রশ্ন উঠেছে। শিলিদার রাজধানীতে এক মতবিনিময় সভায় বক্তৃরা এসব কথা বলেছেন। বক্তৃরা কঠিন বিষয়ের হিসেবে পরিচিত এসব বিষয়ের শিক্ষকবল্পতা পূরণে বিকল্প প্রত্বাব উত্থাপন করেন।

সরকারপর্যায়ে সবচেয়ে বড় মোর্চা জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট আয়োজিত ওই সভায় রাজধানীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী এবং শিক্ষক নেতারা বক্তৃতা করেন। তারা পরীক্ষাভিত্তিক বর্তমান শিক্ষা কার্যক্রম বাতিলের দাবি জানান। এর পরিবর্তে জ্ঞান, দক্ষতা ও নৈতিক মূল্যবোধ অর্জনে সক্ষম পরীক্ষানৈতি প্রণয়নের তাবিদ দিয়ে বলেন, পরীক্ষা ব্যবহৃত সংস্করের লক্ষ্যে অবিলম্বে টাক্ষণ্যে গঠন জরুরি। বিকালে ফ্রন্টের কেন্দ্রীয় কার্যালয়ে প্রায় ৩ ঘণ্টাব্যাপী ওই সভা অনুষ্ঠিত হয়। ফ্রন্টের প্রধান সময়সংকারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের সভাপতিতে সভায় বক্তৃতা করেন রাজধানীর ইকুটিন গার্ডেন উচ্চ বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি হাজী মো. আনসার আলী, এবারের এসএসসি পরীক্ষার্থী সিনথিয়া আক্তার ও হনদয় মির্রা, প্রধান শিক্ষক দুলাল চন্দ্র চৌধুরী, শ্রেণী শিক্ষক শারীমা আফরোজ এবং শেখ বোরহানুদ্দীন পোষ্ট প্র্যাজুয়েট কলেজের অধ্যক্ষ মো. আবদুর রহমান প্রমুখ। শিক্ষক নেতাদের মধ্যে বক্তৃব্য রাখেন অধ্যক্ষ একেএম আসাদুল হক, মো. আজিজুল ইসলাম, অধ্যক্ষ মোহাম্মদ আলী চৌধুরী, মো. ইয়াদ আলী খান। এতে মরহুম শিক্ষক নেতা অধ্যক্ষ শহীদুল্লাহ স্মরণে মোনাজাত পরিচালনা করেন শেখ বোরহানুদ্দীন কলেজের অধ্যাপক মো. নুরুল হক।

এতে অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ ইংরেজি, গণিত ও বিজ্ঞানে দক্ষ শিক্ষকের স্বল্পতা পূরণে কয়েকটি নির্দিষ্ট প্রস্তাব রেখে বলেন, এসব বিষয়ে দক্ষ শিক্ষকের স্বল্পতা পূরণের জন্য যোগাযোগসম্পর্ক, সুনামের অধিকারী কর্মরত শিক্ষকদের এলাকাভিত্তিক বিভিন্ন স্কুলে নির্দিষ্ট কাটিমে পাঠদানের ব্যবহৃত তথ্য শিক্ষক বিনিময় ব্যবহৃত চালু ও অবসরপ্রাপ্ত কর্মক্ষম শিক্ষকদের নিয়োগের প্রস্তাব রাখেন।

অধ্যক্ষ আবদুর রহমান বলেন, শিক্ষা মন্ত্রালয় কোনো শিক্ষা বা পরীক্ষা পদ্ধতি নিজেরা প্রচলন করে না। বিশেষজ্ঞদের মতামত নেয়া হয়ে থাকে। কিন্তু কোনো পদ্ধতি নিয়ে যখন বিতর্ক উঠে, তখন মতামতাদারের অনেকেই সে গোতে গো ভাসিয়ে দিয়ে সমালোচনা করেন, যা কাম্য নয়। তিনি মতামতদানকারীদের সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে পরীক্ষা-নিরীক্ষা করেই মতামত দেয়ার আহ্বান জানান।

বক্তৃরা অনুষ্ঠানে পরীক্ষা ব্যবহৃত সংস্কারের জোর সুপারিশ করেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিস্টিং এন্ড পার্লিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএআর : ৯৮২৪০৫৪-৬১, বিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কেলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।